

জাতীয় দলে ফিরছেন রোনালদো

প্রায় নয় মাস বিরতির পর আবারও পর্তুগিজ জাতীয় দলে ফিরেছেন ক্রিস্টিয়ানো রোনালদো। চলতি মাসের শেষদিকে ইউক্রেন ও সার্বিয়ার বিপক্ষে প্রতিযোগিতামূলক ম্যাচ খেলবে পর্তুগাল। আগামী ২০২০ সালের ইউরো বাছাইপর্বের এ দুটি ম্যাচে খেলতে কোচের ডাকে সাড়া দিয়েছেন জুভেন্টাস মহাতারকা।

গত বছরের জুলাইতে রাশিয়া বিশ্বকাপে উরুগুয়ের কাছে ২-১ গোলে হেরে প্রতিযোগিতা থেকে ছিটকে যায় পর্তুগাল। এরপর আর জাতীয় দলের হয়ে মাঠে নামেননি রোনালদো।

জাতীয় দলের জার্সি গায়ে ৮৫টি গোল করে রোনালদো পর্তুগালের ইতিহাসের সর্বোচ্চ গোলদাতা তো বটেই, হাঞ্জেরির ফেরেঙ্ক পুসকাসকে ছাপিয়ে ইউরোপ মহাদেশের সর্বকালের সর্বোচ্চ গোলদাতা তিনি হয়েছিলেন ২০১৮ সালের জুনে। কিন্তু ধর্ষণ কাণ্ডে অভিযুক্ত হওয়ার পর সিআর সেভেনকে ছাড়াই উয়েফা নেশন্স লিগের দল সাজান পর্তুগিজ কোচ ফার্নান্দো সান্তোস।

মার্কের সময়টাতে রোনালদোকে ছাড়া ছয়টি ম্যাচে মাঠে নেমেছিল বর্তমান ইউরো চ্যাম্পিয়ন পর্তুগাল। দলের সেরা তারকা অনুপস্থিতি থাকলেও দারুণ ফল অর্জন করে তারা। আদায় করে নেয় সমান তিনটি করে জয় ও ড্র। প্রথমবারের মতো আয়োজিত উয়েফা নেশন্স লিগের শেষ চারেও নাম লিখিয়েছে দলটি।

রোনালদোর দলে ফেরার গুরুত্ব সংবাদ সম্মেলনে তুলে ধরে শুক্রবার রাতে সান্তোস বলেন, 'রোনালদো বিশ্বের সেরা খেলোয়াড়। আর সে জাতীয় দলে ফিরছে। তাকে পেলে যে কোনো দলই আরও শক্তিশালী হবে।'

উল্লেখ্য, চলতি মৌসুমে নতুন ক্লাবের (জুভেন্টাস) হয়ে এখন পর্যন্ত সব প্রতিযোগিতা মিলিয়ে ৩৪ ম্যাচে ২৪টি গোলে করেছেন ৩৪ বছর বয়সী রোনালদো। গোল সপ্তাহে রোনালদোর হ্যাটট্রিকে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের টিকিট নিশ্চিত করে জুভরা।

আগামী ২৩ মার্চ ইউরোর বাছাইপর্বে ইউক্রেনের মুখোমুখি হবে পর্তুগাল। তিনদিন পর তাদের প্রতিপক্ষ সার্বিয়া। দুটি ম্যাচই রোনালদোরা খেলবেন ঘরের মাঠ, এস্তাদিও দ্য লুজে।

দুই ম্যাচের পর্তুগাল স্কোয়াড (ইউক্রেন, সার্বিয়া) :

গোলরক্ষক : রুই প্যাট্রিসিও, বেতো, হোসে সা;

ডিফেন্ডার : হ্যাও ক্যানসেলো, নেলসন সেমেদো, হোসে ফন্তে, পেপে, বুবেন দিয়াজ, রাফায়েল গুয়েরেরো, মারিও রুই;

মিডফিল্ডার : দানিলো পেরেইরা, বুবেন নেভেস, উইলিয়ামস কারভালহো, ব্রুনো ফার্নান্দেস, হোয়াও মারিয়াও, হোয়াও মৌতিনহো, পিজ্জি;

ফরোয়ার্ড : বার্নার্দো সিলভা, হোয়াও ফেলিক্স, গনকালো গুইদেস, রাফা সিলভা, আন্দ্রে সিলভা, ক্রিস্টিয়ানো রোনালদো, ডিয়োগো জোতা এবং দিয়োগো সৌসা।

এএপি